



আলি মাহমুদ



মোনাজাত উদ্দিন

**ফিলিপস পুরস্কার পেবেন
আলি মাহমুদ ও
মোনাজাত উদ্দিন**

(স্টাফ রিপোর্টার)

সাহিত্য ও সাংবাদিকতায় বাংলা
১৩৯০ সালের ফিলিপস পুরস্কার
ঘোষণা করা হয়েছে।
সাহিত্যে বিশেষ অবদানের জন্যে
কবি আলি মাহমুদ এবং সাংবাদিক-
কতার জন্যে দৈনিক সংবাদের উত্ত-
রাঞ্চলীয় প্রতিনিধি মোনাজাত
উদ্দিন এ বছর ফিলিপস পুর-
স্কার লাভ করেছেন।

কবি আলি মাহমুদ তাঁর কব্য-
গুণ্ডা, আরব্য রজনীর রাজহাস
এবং মোনাজাত উদ্দিন তাঁর সমাজ
ও মানব বিষয়ক সিরিজ রিপোর্ট
(শেষ পৃঃ ৬-এর কঃ দঃ)।

মোনাজাত উদ্দিন

১ম পৃঃ পত্র
কনসোনান্স মুখ এর জন্যে এ
পুরস্কারে ভূষিত হন। পুরস্কা-
রর মূল্যমান কুমার ৫০ হাজার
টাকা ও একটি করে ট্রাফি।

এ বছর ফিলিপস পুরস্কারের
জন্যে ৮৫ জন কবি সাহিত্যিক এবং
৯৫ জন সাংবাদিক আবেদন করেন।
এর মধ্যে ২৮টি সাহিত্য কর্ম ও
সাংবাদিকতায় তিনটি রিপোর্ট
প্রাথমিকভাবে পুরস্কারের জন্যে
মনোনীত হয়। পরে চূড়ান্ত বিবে-
চনায় জুরি বোর্ড সাহিত্যের কব্য
শাখায় কবি আলি মাহমুদ ও সাং-
বাদিকতার মোনাজাত উদ্দিনকে এ
পুরস্কার দেয়ার সিদ্ধান্ত নেয় বলে
ফিলিপস-এর পক্ষ থেকে জানান
হয়েছে।

কবি আলি মাহমুদ ১৯৩৬
সালের ১১ই জুলাই ব্যাকরণবাড়ীয়া
জেলায় মোড়াইল গ্রামে জন্ম গ্রহণ
করেন। তিনি পঞ্চাশের দশকের
একজন অন্যতম শান্তিশালী কবি।
বাংলাদেশের রূপ রস গন্ধ তার
কবিতায় জীবন্ত হয়ে ওঠেছে।
রাজনীতি ও সমাজনীতি সম্পর্কে
তাঁর সুস্পষ্ট বক্তব্য রয়েছে।

তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থের
মধ্যে রয়েছে সেনাঙ্গী কবিন,
কালের কলস, লোক লোকান্তর,
আলি মাহমুদের কবিতা (গকা);
আলি মাহমুদের কবিতা (কল-
কাতা)।

তিনি তাঁর সাহিত্য কর্মের
জন্যে ইতিপূর্বে একাধিক পুর-
স্কারে ভূষিত হন।

জনাব মোনাজাত উদ্দিন রং-
পুরের অধিবাসী। তিনি দীর্ঘদিন
থরে সাংবাদিকতার সঙ্গে জড়িত।
জনাব মোনাজাত উদ্দিন বর্তমানে
দৈনিক সংবাদের উত্তরাঞ্চলীয় প্রতি-
নিধি।